

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট,
ঢাকা-১২১৫।

স্মারক নং-১২.০২.০০০০.০০৬.১৬.০০৩.১২৩৩


তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০১৭

বিষয়ঃ অটো রাইসমিল, হাসকিং মিল, আড়তদারসহ বিভিন্ন পর্যায়ে চালের বাজার দর ও মজুদ মনিটরিং প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমাদের কৃষির অনেকাংশই ধানের উপর নির্ভরশীল। ধান উৎপাদনশীলতার উপরই নির্ভর করে আমাদের অর্থনৈতিক অগ্রযাত্রা ও খাদ্য নিরাপত্তার বিষয়টি। চলতি ২০১৬-২০১৭ অর্থবছরে মূলত এপ্রিলের শুরুতে আগাম বন্যায় হাওরে ফসলহানী ও সারা দেশে বোরো ধানের ব্লাস্ট রোগের কারণে এবছর বোরো মৌসুমে লক্ষ্যমাত্রার চেয়ে চাল কম উৎপাদিত হয়েছে। ঘটটি পূরণে সরকার বিদেশ থেকে চাল আমদানির সিদ্ধান্ত গ্রহণ করে। দুই ধাপে চালের আমদানি শুরু ২৮ শতাংশ থেকে কমিয়ে ২ শতাংশে আনা হয়। এ পর্যন্ত সরকারী ও বেসরকারি পর্যায়ে প্রায় ৭ লাখ ৫৩ হাজার মে.টন চাল আমদানি করা হয়েছে এবং আরও ব্যাপক পরিমাণে চাল আমদানি অব্যাহত রয়েছে। দেশে পর্যাপ্ত চালের মজুদ থাকা সত্ত্বেও চালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি পাচ্ছে। দেশে চালের কোন সংকট না থাকলেও একটি সিন্ডিকেট পরিকল্পিতভাবে বাজার অস্থিতিশীল করে তুলছে বলে ধারণা করা হচ্ছে।

অব্যাহতভাবে চালের দাম বেড়ে যাওয়া মিল মালিকদের কারসাজি কি না তা খতিয়ে দেখা প্রয়োজন। এ লক্ষ্যে বিভিন্ন মিলে ও আড়তদারদের কাছে কি পরিমাণ চাল মজুদ রয়েছে তা সরেজমিনে পরিদর্শন করা প্রয়োজন। কোন মিল বা আড়তদারদের কাছে অতিরিক্ত মজুদ পরিলক্ষিত হলে সাথে সাথে তাদের বিরুদ্ধে দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য স্থানীয় প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে হবে। চাল বিপণন চ্যানেলের কোন স্তরে চালের মজুদ গড়ে তুলে কেহ যেন কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, চালের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে বিভিন্ন মিলে ও আড়তদারদের কাছে কি পরিমাণ চাল মজুদ রয়েছে তা স্থানীয় প্রশাসনের সহযোগিতায় মনিটরিং কার্যক্রম জোরদার ও অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।



(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক

ফোন নং-৯১১৪৩১০

e-mail: dg@dam.gov.bd

জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারী
জেলা মার্কেটিং অফিস,
কৃষি বিপণন অধিদপ্তর,

স্মারক নং-১২.০২.০০০০.০০৬.১৬.০০৩.১২৩৩

তারিখঃ ২৮ সেপ্টেম্বর, ২০১৭

সদয় জ্ঞাতার্থেঃ

১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, -----।

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/চট্টগ্রাম।



(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক

ফোন নং-৯১১৪৩১০

e-mail: dg@dam.gov.bd